যুগান্তর

তারিখ ... 06 JAN 2008
পৃষ্ঠা 2 কলাম ৬

82 শিক্ষা

# শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করার দাবিতে কালো ব্যাজ ধারণ

একাডেমিক স্বীকৃতিপ্রাপ্ত স্কুল, কলেজ ও মাদ্রাসা এমপিওভুক্ত করার দাবিতে ওইসব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা আজ কালো ব্যাজ ধারণ করে ক্লাসে যাবেন। আগামী বৃহস্পতিবার পর্যন্ত তারা এ কর্মসূচি পালন করবেন। নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ঐক্যজোট এ কর্মসূচি ডেকেছে। শনিবার সংগঠনের যুগ্ম আহ্বায়ক মোঃ এশারত আলী স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়।